ভোরের কাগজ

তারিখ ... 05 NOV 1997
পৃষ্ঠা ১২ কলাম ৭

## বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির আন্দোলন

# আজ রাষ্ট্রপতির কার্যালয়ে স্মারকলিপি পেশ ও ওসমানী উদ্যানে অবস্থান ধর্মঘট

কাগজ প্রতিবেদক : বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি তাদের পাঁচ দফা মৌলিক দাবি আদায়ের লক্ষ্যে আগামী ৬ নভেম্বর সকাল ১০টায় রাষ্ট্রপতি সাহাবুদ্দীনের কার্যালয়ে স্মারকলিপি জমা দেবে। এর এক ঘন্টা পর থেকে পরবর্তী দিন ৭ নভেম্বর বিকেল পাঁচটা পর্যন্ত থানা, জেলা ও কেন্দ্রীয় প্রতিনিধি সমন্বয়ে ওসমানী উদ্যানে একটানা অবস্থান ধর্মঘট পালন করবে। এ সময়ের মধ্যে সরকার তাদের দাবি মেনে না নিলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

গতকাল মঙ্গলবার বিকেল চারটায় জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ বেসরকারি প্রাথমিক সমিতির নেতৃবৃন্দ এ কথা বলেন।

সমিতির সভাপতি মোঃ শামছুল আলম আন্দোলনের যৌক্তিকতা প্রসঙ্গে বলেন, দাবি আদায়ের জন্য আমরা গত ১ অক্টোবর থেকে ২০ অক্টোবর পর্যন্ত বিদ্যালয়ের প্রবেশ পথে তালা ঝুলিয়েছি। পূর্ব ঘোষণা অনুযায়ী দাবি মেনে নেওয়ার জন্য সরকারকে ৩০ অক্টোবর পর্যন্ত সময় দেওয়া হয়েছিল। কিন্তু সরকারপক্ষ থেকে কোনো রকম ইতিবাচক সাড়া আমরা পাইনি।

মহাসচিব আলহাজ আব্বাছ আলী শেখ পাঁচ দফা দাবি তুলে ধরে বলেন, প্রধানমন্ত্রী আমাদের কথা দিয়েছিলেন। এক বছর পার হয়েছে কিন্তু কিছুই হয়নি, একই নীতিমালাতে চাকরি করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা পায় ৩ হাজার ৫০০ থেকে ৪ হাজার ৫০০ টাকা, আমরা পাই ৫২৫ থেকে ৭৪৫ টাকা। এই বৈষম্য কতোদিন চলবে?

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে সাংগঠনিক সম্পাদক মৃগেন্দ্র মোহন সাহা ও দপ্তর সম্পাদক জ্যোতিষ চন্দ্র মণ্ডলও বক্তব্য রাখেন।